

স্মারক নং- এসকেএস/২০/৪৪৯

০৫ মে ২০২০ খৃঃ

### অফিস স্মারক

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক দেশব্যাপী করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক পরিস্থিতি বিবেচনায় বিগত সময়ে এ সংক্রান্ত অফিস স্মারকে ঘোষিত সাপ্তাহিক ছুটি ও সাধারণ ছুটির ধারাবাহিকতায় সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন ও ডিভিশন অফিসসহ সকল প্রকল্প অফিস, ঢাকা অফিস ও প্রধান কার্যালয় সরকার ঘোষিত ছুটির সাথে **বুধ পূর্ণিমার ছুটি ও সাপ্তাহিক ছুটি** সংযুক্ত করে আগামী **১৬ মে ২০২০ খৃঃ** তারিখ পর্যন্ত ছুটি ঘোষণা করা হলো। এছাড়া অঙ্গসংগঠন সমূহ তাদের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উক্ত ছুটির সময়ে সকলকে নিম্নোক্ত নির্দেশনা সমূহ কঠোরভাবে মেনে চলার জন্য বলা হলো:

- করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সংস্থা কর্তৃক অর্পিত দায়িত্ব পালনে সচেতন থাকতে এই ছুটির সময়ে কর্মীদেরকে নিজ নিজ কর্মস্থলে/কর্মএলাকায় অবস্থান করতে বলা হলো।
- স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বলা হলো।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড রাখা এবং অফিসিয়াল মোবাইল সিম সচল রাখার জন্য বলা হলো।

সরকারি বিশেষ কোন নির্দেশনা না থাকলে আগামী **১৭ মে ২০২০ খৃঃ** তারিখ থেকে যথারীতি নিয়মে সংস্থার সকল অফিসের কার্যক্রম শুরু হবে।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহমেদ লিটন

নির্বাহী প্রধান।

### অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি